গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে এনএপিডির ফলোআপ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ বদরুল আরেফীন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১১ আগস্ট ২০২২ (বৃহস্পতিবার) |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | এনএপিডি সভাকক্ষ |
| উপস্থিতি | (০১) জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), (০২) ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), (০৩) প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), (০৪) জনাব সায়মা আফরোজ, প্রধান প্রশিক্ষক-১, (০৫) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-৩, (০৬) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অতিঃ দায়িত্ব), (০৭) জনাব মৌফুল নাহার, প্রশিক্ষক-২, (০৮) জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), (০৯) জনাব মির্জা নুর ইসলাম, সহকারী পরিচালক, (১০) জনাব আবেদা সুলতানা, সহযোগী প্রশিক্ষক-১, (১১)জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহযোগী প্রশিক্ষক-২ ও মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, (১২) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহযোগী প্রশিক্ষক-৩, (১৩) জনাব মোঃ নুরুল আমিন, সহকারী প্রোগ্রামার, (১৪) ডাঃ নাদিয়া আফরীন, মেডিক্যাল অফিসার, (১৫) জনাব ফারিয়া জাফরীন, লাইব্রেরিয়ান, (১৬) জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-১, (১৭) জনাব মোঃ আবুল হোসেন, প্রশিক্ষণ কর্মকর্তা, (১৮) জনাব মোঃ আল আমিন, প্রশিক্ষণ কর্মকর্তা, (১৯) জনাব মুবাশ্বিরা আমাতুল্লাহ, মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, (২০) জনাব তাহমিদুর রহমান, গবেষণা কর্মকর্তা-২, (২১) জনাব উল্লাস চৌধুরী, গবেষণা কর্মকর্তা-৩, (২২) জনাব মোঃ মতিউর রহমান মোল্লা, অডিও ভিজ্যুয়াল কর্মকর্তা, (২৩) জনাব মোঃ জিন্নারুল ইসলাম, ডকুমেন্টেশন অফিসার, (২৪) জনাব মোঃ রাজিউর রহমান, কেয়ারটেকার, (২৫) বেগম জাকিয়া বেগম, ডরমিটরি সুপার, (২৬) এ টি এম মোতাহার হোসেন, নির্বাহী কর্মকর্তা, (২৭) জনাব মোঃ জাকির হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা, (২৮) মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, সহকারী লাইব্রেরিয়ান, (২৯) জনাব মোঃ সুলতান সালাউদ্দিন, ক্যাফেটারিয়া সুপারভাইজার। |


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২৮.০৭.২০২২ তারিখে একটি প্রস্তুতি সভা এবং গত ০৩ আগস্ট ২০২২ তারিখে একটি ফলোআপ সভা আয়োজন করে। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি গত ২৮.০৭.২০২২ তারিখে একটি প্রস্তুতি সভার আয়োজন করে। উক্ত সভার অগ্রগতি পর্যালোচনার জন্য ফলোআপ সভার আয়োজন করা হয়েছে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) এ বিষয়ে প্রণীত আলোচ্যসূচী সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নের ছকে উল্লিখিত সিদ্ধান্তগুলি গৃহিত হয়।

| নং | আলোচনার বিষয় | গত সভার সিদ্ধান্ত | অগ্রগতি | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১.০১ | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | সহকারী পরিচালক ও কেয়ারটেকার উপস্থিত থেকে পতাকা উত্তোলন এবং নামানোর সময় অর্ধনমিত করার যথাযথ নিয়ম অনুসরণ করবেন। | সহকারী পরিচালক ও কেয়ারটেকার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.০২ | কালো ব্যাজ ধারণ | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০২২ পর্যন্ত সকল কর্মকর্তা-কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে। | সকল কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের মাঝে ২০০ কালো ব্যাজ বিতরণ করা হয়েছে। সকলে পরিধান করছেন। | উপ-পরিচালক (প্রশাসন) ওকেয়ারটেকার |
| ১.০৩ | একাডেমিক ভবন থেকে রোমান/ড্রপ-ডাউন ব্যানার এবং গেইটে সাধারণ ব্যানার প্রদর্শন | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০২২ পর্যন্ত চারটি রোমান/ড্রপডাউন ব্যানার এবং দুইটি পিভিসি ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১ আগস্ট ২০২২ তারিখে চারটি রোমান/ড্রপডাউন ব্যানার এবং দুইটি সাধারণ ব্যানার লাগানো হয়েছে। | উপ-পরিচালক (প্রশাসন) ওকেয়ারটেকার |
| ১.০৪ | এলইডি/ডিজিটাল ডিসপ্লে | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০২২ পর্যন্ত কিয়স্ক মেশিনের মাধ্যমে ডকুমেন্টারি প্রদর্শন করতে হবে। | ০১ আগস্ট ২০২২ থেকে কিয়স্ক মেশিনের মাধ্যমে ডকুমেন্টারি প্রদর্শন করা হচ্ছে। আলাদা সাউন্ড সিস্টেমের ব্যবস্থা করতে হবে। | সিস্টেম এনালিস্ট (অ.দা.) ও সহকারী প্রোগ্রামার |
| ১.০৫ | জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পন | মহাপরিচালক, এনএপিডি ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৯:০০ ঘটিকায় বিয়াম ফাউন্ডেশন চত্বরে স্থাপিত জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পন করবেন। | বিয়াম ফাউন্ডেশনে ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৯:০০ টায় মহাপরিচালক মহোদয়ের সাথে অতিরিক্ত সচিব জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া, যুগ্মসচিব জনাব সায়মা আফরোজ এবং একাডেমির পরিচালকগণ উপস্থিত থাকবেন। | কেয়ারটেকার পুষ্পস্তবক ও ব্যানার এবং মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১.০৬ | বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা | - | বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য আলোচনা সভায় মহাপরিচালক মহোদয় উপস্থিত থাকবেন। উক্ত আলোচনা সভায় মহাপরিচালক মহোদয় কর্তৃক মনোনীত ০২ জন কর্মকর্তা অংশ নেবেন। | মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব |
| ১.০৭ | একাডেমির লবিতে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ১৫ আগস্ট ২০২২ তারিখে একাডেমির লবিতে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সুবিধাজনক সময়ে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | ১৫ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় একাডেমির সকল কর্মকর্তা-কর্মচারী এবং চলমান ০৩টি আবাসিক কোর্সের প্রশিক্ষণার্থীগণ একাডেমির লবিতে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | (১) ফুল ও লবির পরিচ্ছন্নতা: কেয়ার টেকার<br>(২) আলোকচিত্র: অডিওভিজ্যুয়াল কর্মকর্তা |
| ১.০৮ | আলোচনা সভা ও দোয়া মাহফিল পরিচালনা | ১৫ আগস্ট থেকে ২০ আগস্ট ২০২২ এর মধ্যে সুবিধাজনক সময়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | ১৫ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় অডিটরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। এতে সকল কর্মকর্তা-কর্মচারী এবং চলমান ০৩টি আবাসিক কোর্সের প্রশিক্ষণার্থীগণ অংশ নেবেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ ও বিদেশ প্রশিক্ষণ অধিশাখার যুগ্মসচিব ড. মোহাম্মদ জিয়াউল হক। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১.০৯ | কোরআন খতম | ১৫ আগস্ট ২০২২ অথবা সুবিধাজনক সময়ে কোরআন খতম ও মোনাজাত করতে হবে। | ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৯:০০ টা থেকে কোরআন খতম শুরু হবে। বাদ যোহর মসজিদে মোনাজাত হবে এবং আলোচনা সভা শেষে বিশেষ দোয়া পরিচালনা করা হবে। | হাফেজ সাহেবগণ ও ইমাম, এনএপিডি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.১০ | পোস্টার প্রদর্শন | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০২২ পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত পোস্টার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | গণযোগাযোগ অধিদপ্তর থেকে এখনো পোস্টার পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) |
| ১.১১ | বাজেট অনুমোদন | অনুষ্ঠান আয়োজনের জন্য বাজেট তৈরি করে প্রশাসন শাখা অনুমোদন নিবে। | বাজেট প্রণয়ন করে অনুমোদনের জন্য ই-নথিতে উপস্থাপন করা হয়েছে। | উপ-পরিচালক (প্রশাসন) |

২.০০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ বদরুল আরেফীন
মহাপরিচালক

স্মারক নম্বর: ০৫.৮৮.০০০০.০০৯.২৩.০০৪.২০.৫১

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৯
১২ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), এনএপিডি।

২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



মোঃ মঈনুল হাসান চৌধুরী
উপপরিচালক